গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেওয়ানগঞ্জ, জামালপুর
www.dewangonj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯১৫,০০০,০০.০০০.২৬- ৮৫১ তারিখঃ ২২/০৭/২০২৬ খ্রি.

## ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে দেওয়ানগঞ্জ উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র. নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী (প্রতি EA এলাকায় ০১ জন করে) | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স ১৮-৪০<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নাম্বার<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান।<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে লিখতে ও কথা বলতে সক্ষম।<br>চ)শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সক্ষম। | ক)নারী প্রার্থী ৫০%<br>খ)স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা। | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/ আধা সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত।<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারনে বরখাস্ত বা দন্ডিত। | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমানক এবং ভোটার আইডির ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯ EA এলাকার জন্য ০১ জন করে) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স ২৫-৪৫<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৮০%+ নাম্বার<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকায় ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান।<br>ঙ) দলনেতৃত্ব,মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা। | ক) প্রতিটি গণনা এরিয়া শারিরীক ভাবে পরিদর্শন।<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (re-check)<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা | | |

০২। আবেদন ফরম প্রাপ্তির ও দাখিলের স্থান: উপজেলা সমাজসেবা কার্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর হতে সরাসরি অথবা উপজেলা সমাজসেবা অফিসের ওয়েবসাইট লিংক dss.dewangonj.jamalpur.gov.bd এ পাওয়া যাবে এবং অফিস চলাকালীন সময়ে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

| আবেদন ফরম বিতরণ | আবেদন ফরম দাখিল | সম্ভাব্য ব্যবহারিক পরীক্ষার সময় |
|---|---|---|
| ২২-০৭-২০২৬ হতে ২৩/০৭/২০২৬ তারিখ পর্যন্ত সকাল ৯.০০ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | ২২-০৭-২০২৬ হতে ২৩/০৭/২০২৬ তারিখ পর্যন্ত সকাল ৯.০০ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | ২৫/০৭/২০২৬ তারিখ বেলা ১১.০০ ঘটিকা |

শাহ জহুরুল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
দেওয়ানগঞ্জ, জামালপুর।